# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : ১ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মনুসর আহমেদ সুযোগ পেলেই দুই ছেলে এলান ও জিলানকে নিয়ে দেশের বিভিন্ন স্থানে আবিষ্কৃত প্রত্নতত্ত্ব নিদর্শন দেখতে নিয়ে যান। ওরা সে সব স্থানে গিয়ে প্রাচীনকালের মুদ্রা, স্মৃতিস্তম্ভ, শিলালিপি আগ্রহ সহকারে দেখতে থাকে। এছাড়াও মনসুর আহমেদ সময় পেলেই পুরনো দিনের লোকজনের জীবনী, গল্পকাহিনী ইত্যাদি বইপুস্তক ও নথিপত্র নিয়ে আলোচনা করেন। কারণ তিনি চান তার সন্তানেরা নিজ দেশের গৌরবান্বিত ইতিহাস জানুক ও খাঁটি বাঙালি হিসেবে গড়ে উঠুক।

ক. লিখিত ইতিহাসের বয়স কত? ১

খ. ইতিহাসের বিষয়বস্তু বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. এলান ও জিলানের দেখা প্রত্নতত্ত্ব নিদর্শনগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ড. মনসুর আহমেদের সন্তানদের দেশ সম্পর্কে জানাতে হলে ইতিহাস পাঠ অতীব জরুরি" —উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২. ▶ কুমিল্লার অধিবাসী শিমুল ও সবুজ। তাদের বার্ষিক পরীক্ষা শেষে বাবার সাথে কুমিল্লার ময়নামতির কয়েকটি প্রাচীন নিদর্শন দেখে শালবন বিহারে যায়। বাবা তাদের বললেন, এখানে একটি প্রাচীন জনপদ গড়ে উঠেছিল।

ক. হরিকেলের উত্তরে কোন জনপদ অবস্থিত ছিল? ১

খ. "বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূ-খণ্ড" —ব্যাখ্যা কর। ২

গ. শিমুল-সবুজের দেখা নিদর্শনটি প্রাচীন কোন জনপদে অবস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত জনপদের আলোকে প্রাচীন বাংলার জনপদগুলোর চিত্র তুলে ধর। ৪

৩. ▶ 'Q' অঞ্চলের রাজা বৌদ্ধ হলেও সকল ধর্মাবলম্বী প্রজার প্রতি ছিল তার সমান পৃষ্ঠপোষকতা। তিনি একটি হিন্দু মন্দিরের জন্য করমুক্ত ভূমি দান করেছিলেন।

ক. ধর্মপাল কতটি শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠা করেন? ১

Teachingbd.com

খ. 'মাৎসান্যায়' কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাজার কর্মকাণ্ডের সাথে তোমার পঠিত কোন পাল রাজার কর্মকাণ্ডের মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর "উক্ত শাসকই ছিলেন পাল রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ।" উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ দশম শ্রেণির শিক্ষার্থীরা একটি প্রামাণ্য অনুষ্ঠান দেখছিল। সেখানে তারা দেখছিল যুদ্ধের কৌশল হিসেবে একটি দলের সেনাপতি তার যোদ্ধাদের বিভিন্ন উপদলে বিভক্ত করে আক্রমণের পরিকল্পনা করছে। সেনাপতি প্রচলিত পথে অগ্রসর না হয়ে অরণ্যময় অঞ্চলের মধ্য দিয়ে অগ্রসর হয়ে অতি সংগোপনে নিজেকে আড়াল করে বিপক্ষ দলের প্রাসাদে আক্রমণ চালিয়ে প্রাসাদ দখল করে নেয়।

ক. খলজি মালিকদের মধ্যে কে সর্বশ্রেষ্ঠ ছিলেন? ১

খ. বখতিয়ার খলজি কীভাবে ওদন্তপুরি বিহার জয় করেন? ২

গ. উদ্দীপকে বিজয়ী সেনাপতির যুদ্ধ কৌশলে পাঠ্যবইয়ের কোন ব্যক্তির কর্মের প্রতিফলন হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত ব্যক্তি প্রথম জীবনে বিভিন্ন ক্ষেত্রে ব্যর্থ হলেও ভাগ্য ও কর্মশক্তির সংমিশ্রণ তাকে সফলতা এনে দেয়— আলোচনা কর। ৪

৫.▶ শিক্ষক ক্লাশে পড়াতে গিয়ে মধ্যযুগের ব্যবসা-বাণিজ্যের প্রসঙ্গে বললেন, "সাম্প্রতিককালের বাংলাদেশের তৈরি পোশাকের মতো মধ্যযুগে বস্ত্রশিল্পে বাংলার অগ্রগতি চির সবিশেষ উল্লেখযোগ্য, তাছাড়া ব্যাবসা-বাণিজ্যের সিংহভাগই ছিল রপ্তানিমুখী।

ক. মধ্যযুগে হিন্দু সমাজে কয়টি বর্ণ ছিল? ১

খ. মসজিদটির নাম,-'ছোট সোনা মসজিদ' হয় কেন? ২

গ. মধ্যযুগে বস্ত্রশিল্পে বাংলার অগ্রগতি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'পোশাক শিল্পের মতো মধ্যযুগের বাণিজ্য ছিল বেশিরভাগ রপ্তানিমুখী।' - উক্তিটির সাথে তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬.▶এ বছরের ২১ শে ফেব্রুয়ারিতে রায়নাত তার বাবার সাথে শহিদ মিনারে ফুল দিতে গিয়েছিল। তার বাবা তাকে বলেছিল প্রায় ৬২ বছর আগে এই দিনে বাঙালি জাতি তাদের প্রাণের দাবি আদায়ের জন্য আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিল। পরবর্তীতে উক্ত আন্দোলনই বাঙালিকে স্বাধীনতার স্বপ্ন দেখিয়েছিল।

ক. ১৯৪৭ সালের কত তারিখে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়? ১

খ. যুক্তফ্রন্ট নির্বাচনের ফলাফল লেখ। ২

Teachingbd.com

গ. উদ্দীপকে যে আন্দোলনের কথা বলা হয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. রায়নাতের বাবার শেষ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ 'P' ও 'Q' গ্রাম দুইটির মধ্যে ব্যবধান প্রায় শত মাইল। কিন্তু তারপরও 'P' অঞ্চলের শাসকগোষ্ঠী 'Q' অঞ্চলকে শাসন ও শোষণ করত। ফলে 'Q' অঞ্চলের জনপ্রিয় দল নির্বাচনে দাঁড়ায়। নির্বাচনে জনপ্রিয় দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। কিন্তু 'P' অঞ্চলের শাসকগোষ্ঠী ক্ষমতা ছেড়ে দিতে টালবাহানা করলে এক সশস্ত্র লড়াইয়ের মাধ্যমে 'Q' অঞ্চলটি আলাদা হয়ে যায়।

ক. মুজিবনগর সরকারের কয়টি মন্ত্রণালয় ছিল? ১
খ. মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা লেখ। ২
গ. উদ্দীপকে স্বাধীনতাপূর্ব কোন নির্বাচনের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত নির্বাচনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ "খালিদ গ্রুপ অফ ইনডাসট্রির" কিছু জুনিয়র কর্মকর্তা মিলে মালিককে হত্যা করে। তার পরিবারের কোনো সদস্য যাতে ভবিষ্যতে এর মালিকানা দাবি করতে না পারে সে জন্য পরিবারের সকল সদস্যকে হত্যা করে। পরিচালনা পরিষদের একজনকে ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্বে বসায়।

ক. বাংলাদেশ সংবিধানে পঞ্চম সংশোধনী কবে গৃহীত হয়? ১
খ. 'গণভোট" বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ঘটনাটি বাংলাদেশের কোন মর্মান্তিক ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের ঘটনার মতো একজন বিশ্বাসঘাতক এদেশের ইতিহাসে জন্ম দিয়েছেন কলঙ্কিত অধ্যায়" –বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ মৌমিতা টিভিতে একটি প্রামাণ্য অনুষ্ঠান দেখছিল। সেখানে দেখানো হচ্ছিল, পুরাতত্ত্ব বিভাগের এক দল লোক বৌদ্ধ স্তূপের ধ্বংসাবশেষ খুঁজতে মাটি খুঁড়তে গিয়ে একটি প্রাচীন সভ্যতা আবিষ্কার করেন। একই সময় অন্য আরেক দলের প্রচেষ্টায় অন্য স্থানে আরেকটি প্রাচীন সভ্যতা খুঁজে পায়।

ক. মিসর কয়টি মহাদেশ দ্বারা পরিবেষ্টিত ছিল? ১
খ. মিসরীয় সভ্যতার ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মৌমিতার দেখা প্রামাণ্য চিত্রে প্রাচীন কোন সভ্যতা আবিষ্কারের কথা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "তুমি কি মনে কর উক্ত সভ্যতার শিল্পের সমৃদ্ধির ব্যবসা-বাণিজ্যের সমৃদ্ধির সম্পর্ক ছিল"– যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　　পূর্ণমান — ৪০　　　　বিষয় কোড : ১ ৫ ৩

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কার রাজত্বকালে 'ইউসুফ-জুলেখা' কাব্য রচনা হয়?
ক) শামসুদ্দিন আহমদে　খ) গিয়াস উদ্দীন আযম শাহ
গ) ইলিয়াস শাহ　ঘ) শিহাব উদ্দীন

২. কোন পর্তুগীজ নাবিক প্রথম সমুদ্রপথে ভারতীয় উপমহাদেশে আসেন?
ক) ভাস্কো-ডা-গামা　খ) ক্যাপ্টেন হকিন্স
গ) স্যার টামাসরো　ঘ) জব চার্নক

৩. 'ডেনিশ-ইস্টইন্ডিয়া কোম্পানি' গঠন করে কোন দেশীয় বণিক?
ক) পর্তুগীজ　খ) ইংরেজি
গ) দিনেমার　ঘ) ইংল্যান্ড

৪. বিধবা বিবাহ আইন চালু হয় কত সালে?
ক) ১৮৫০　খ) ১৮৫৬
গ) ১৮৬০　ঘ) ১৮৬৬

৫. হাজী মুহম্মদ মুহসীন বিশাল সম্পত্তির মালিক হন কীভাবে?
ক) পিতার একমাত্র উত্তরাধিকার হিসেবে
খ) নিঃসন্তান বোনের মৃত্যুর কারণে
গ) গুপ্তধন প্রাপ্তির মাধ্যমে
ঘ) ব্যবসা-বাণিজ্য করে

৬. বেগম রোকেয়া অবরোধবাসিনী, পদ্মরাগ রচনা করেছেন। তাঁর রচনা সমাজে—
i. নারীর করুণ দশা সমাজের কাছে তুলে ধরেছে
ii. সমাজের কুসংস্কার সম্পর্কে সচেতন করতে চেয়েছেন
iii. নারীদের আত্মমর্যাদাবোধ জাগ্রত করার চেষ্টা করেছেন
নিচের কোনটি সঠিক?
ক) i　খ) ii　গ) iii　ঘ) i, ii ও iii

৭. ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম হয় কত সালে?
ক) ১৮৪৭ সালে　খ) ১৮৫৭ সালে
গ) ১৯৪৭ সালে　ঘ) ১৯৫৭ সালে

৮. কার নেতৃত্বে ভাষা আন্দোলনের প্রথম সংগঠন 'তমদ্দুন মজলিশ' গঠিত হয়?
ক) ড. কাজী মোতাহার হোসেন
খ) অধ্যাপক আবুল কাশেম
গ) জনাব আবুল মনসুর আহমদ
ঘ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ

৯. নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক কী ছিল?
ক) নৌকা　খ) হাতুড়ি
গ) মোরগ　ঘ) হাতি

১০. আইয়ুব খান কত সালে সামরিক শাসন জারি করেন?
ক) ১৯৫৬　খ) ১৯৫৮
গ) ১৯৬০　ঘ) ১০৬২

১১. বাংলা গদ্য সাহিত্যের জনক বলা হয় কাকে?
ক) রবীন্দ্রনাথ ঠাকুর　খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) ডিরোজিও　ঘ) রাজা রামমোহন রায়

১২. মাস্টারদা সূর্যসেনের নেতৃত্বে গঠিত বিপ্লবী সংগঠনের কর্মকাণ্ডের মধ্যে ছিল—
i. চট্টগ্রাম বিপ্লবী বাহিনী গঠন
ii. স্বাধীন চিটাগাং সরকারের ঘোষণা
iii. চিটাগাং রিপাবলিকান আর্মি গঠন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii　গ) iii　ঘ) i, ii ও iii

১৩. ইস্কান্দার মির্জাকে অপসারণ করেন কে?
ক) জেনারেল ইয়াহিয়া　খ) স্পিকার শাহেদ আলী
গ) জেনারেল আইয়ুব খান　ঘ) নূরুল আমিন

১৪. আইয়ুব খানের মৌলিক গণতন্ত্র কত স্তরবিশিষ্ট ছিল?
ক) ২　খ) ৩
গ) ৪　ঘ) ৫

১৫. ছয় দফার এত জনপ্রিয়তা লাভের কারণ—
i. এতে বাঙালির মুক্তির বিষয় উল্লেখ ছিল
ii. বাঙালির ঐক্যের চেতনা দৃঢ়ভাবে জাগ্রত করেছিল
iii. বাঙালির মুক্তির সনদ ছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii　গ) iii　ঘ) i, ii ও iii

১৬. মুক্তিযুদ্ধের সময় অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
ক) সৈয়দ নজরুল ইসলাম
খ) তাজউদ্দীন আহমদ
গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ) এম. মনসুর আলী

১৭. আধুনিক গণতান্ত্রিক বিশ্বের পথিকৃৎ কে?
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ) নেলসন মেন্ডেলা
গ) আব্রাহাম লিংকন
ঘ) ইন্দিরা গান্ধী

১৮. রায়েরবাজার বধ্যভূমির সন্ধান পাওয়া যায় কত সালে?
ক) ১৯৭১ সালের ১৮ই ডিসেম্বর
খ) ১৯৭২ সালের ১৯ শে ডিসেম্বর
গ) ১৯৭১ সালের ১৮ই নভেম্বর
ঘ) ১৯৭২ সালের ১৯ শে অক্টোবর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
কায়নাতের দাদা বলছিলেন, তিনি জাতীয় পরিষদের সদস্য ছিলেন। তাঁর দল জাতীয় ও প্রাদেশিক পরিষদে বিপুল ভোটে জয়ী হওয়া সত্ত্বেও শাসকগোষ্ঠী ক্ষমতা হস্তান্তরে কালক্ষেপণ করেন।

http://teachingbd.com

১৯. উদ্দীপকে স্বাধীনতা পূর্ব কোন নির্বাচনের কথা উল্লেখ করা হয়েছে?
ⓚ ১৯৭০ সালের ⓚ ১৯৫৪ সালের
ⓖ ১৯৫৮ সালের ⓖ ১৯৫৬ সালের

২০. উক্ত নির্বাচনে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক নির্বাচনে আওয়ামী লীগ কতটি আসন পেয়েছিল?
ক) ১৬৭ খ) ১৯৮
গ) ২৬৭ ঘ) ২৯৮

২১. বঙ্গবন্ধু ১৯৭১ সালের কত তারিখে গ্রেফতার হন?
ক) ২৫ মার্চ খ) ২৬ মার্চ
গ) ২৭ মার্চ ঘ) ২৮ মার্চ

২২. কে 'ইনডেমনিটি অধ্যাদেশ, ১৯৭৫ জারি করেন?
ক) খোন্দকার মোশতাক আহমেদ
খ) জেনারেল জিয়াউর রহমান
গ) ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ
ঘ) বিচারপতি সায়েম

২৩. মোশতাক সরকারকে প্রথম স্বীকৃতি দানকারী রাষ্ট্র কোনটি?
ক) ভারত খ) চীন
গ) পাকিস্তান ঘ) সৌদি আরব

২৪. 'নূর হোসেন' নিহত হন কেন?
ক) ছাত্র সংগঠনগুলোর বিরোধের জন্য
খ) স্বৈরাচারিতার জন্য
গ) এরশাদবিরোধী আন্দোলনের জন্য
ঘ) রাষ্ট্রদ্রোহিতার জন্য

২৫. 'হায়ারোগ্লিফিক' কী?
ক) মিসরীয় লিপি খ) মেসোপটেমীয় লিপি
গ) রোমান লিপি ঘ) গ্রিকলিপি

| সভ্যতা | সময়কাল |
|---|---|
| X | খ্রি. পূর্ব ৫০০০-৩২০০ অব্দ |
| Y | খ্রি. পূর্ব ৩৫০০-১৫০০ অব্দ |

২৬. ছকের 'Y' চিহ্নিত সময়কালে কোন সভ্যতার কথা বলা হয়েছে?
ক) মিসরীয় সভ্যতা খ) সিন্ধু সভ্যতা
গ) রোমান সভ্যতা ঘ) গ্রিক সভ্যতা

২৭. পাথরের যুগের প্রথম পর্যায়কে কী বলা হতো?
ক) নবপলীয় যুগ খ) নতুন পাথরের যুগ
গ) পুরনো পাথরের যুগ ঘ) আদিম যুগ

২৮. রোমান সভ্যতা কত বছর স্থায়ী হয়েছিল?
ক) প্রায় ছয়শত বছর খ) প্রায় সাতশত বছর
গ) প্রায় পাঁচশত বছর ঘ) প্রায় আটশত বছর

২৯. রোমান দাসরা কার নেতৃত্বে বিদ্রোহ ঘোষণা করে?
ক) হোমারের খ) পেরিক্লিসের
গ) স্পার্টাকাসের ঘ) সক্রেটিসের

৩০. মিসরীয়রা 'সর্বপ্রথম' কয়টি ব্যঞ্জনবর্ণ আবিষ্কার করে?
ক) ২৩টি খ) ২৪টি গ) ২৫টি ঘ) ২৬টি

৩১. কাকে আধুনিক ইতিহাসের জনক বলা হয়?
ক) হেরোডটাস খ) লিওপোল্ড ফনর‍্যাংকে
গ) ইএইচকার ঘ) টয়েনবি

৩২. ইতিহাসের অলিখিত উপাদান কোনটি?
ক) স্মৃতি-স্তম্ভ খ) সাহিত্য
গ) নথিপত্র ঘ) দলিলপত্র

৩৩. সমতট জনপদটির অন্যতম বৈশিষ্ট্য কোনটি?
ক) আর্দ্র নিম্নভূমি খ) বনাঞ্চল
গ) অধিক বৃষ্টিপাত ঘ) রণক্ষেত্র

| সেনরাজা | রাজত্বকাল |
|---|---|
| বিজয় সেন | ১০৯৮-১১৬০ |
| বল্লাল সেন | ১১৬০-১১৭৮ |
| ? | ১১৭৮-১২০৫ |
| বিশ্ব রূপ সেন | ১২০৩-১২০৪ |

৩৪. (?) চিহ্নে কোন সেন রাজা হবে?
ক) হেমন্ত সেন খ) বিজয় সেন
গ) লক্ষণ সেন ঘ) কেশব সেন

৩৫. ছকের কোন রাজা 'দান সাগর' ও 'অদ্ভুত সাগর' নামে দুটি গ্রন্থ রচনা করেছেন?
ক) বিজয় সেন খ) বিশ্বরূপসেন
গ) বল্লাল সেন ঘ) লক্ষণ সেন

৩৬. অতি সম্প্রতি উয়ারী-বটেশ্বর গ্রামে কত বছরের পুরাতন ধ্বংসাবশেষ পাওয়া গেছে?
ক) প্রায় ২৩০০ বছর খ) প্রায় ২৪০০ বছর
গ) প্রায় ২০০০ বছর ঘ) প্রায় ২৫০০ বছর

৩৭. এক লাখী-মসজিদের শিল্পকলায় কোন স্থাপত্য রীতির প্রতিফলন লক্ষ করা যায়?
ক) মুসলিম স্থাপত্য রীতি খ) পারসিক রীতি
গ) হিন্দু স্থাপত্য রীতি ঘ) মুঘল স্থাপত্য রীতি

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলা সাহিত্যের একটি বই এর মধ্যে কিছু ভাষা লেখা দেখে শাহীন তার শিক্ষকের কাছে জানতে চায়। শিক্ষক বললেন, 'এগুলোই বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন— যার মাধ্যমে বাংলা ভাষার জন্ম হয়।'

৩৮. উদ্দীপকে প্রাচীন বাংলার কোন ভাষার কথা বলা হয়েছে?
ক) অপভ্রংশ খ) চর্যাপদ
গ) বৈদিক ভাষা ঘ) সংস্কৃত

৩৯. বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন কোন দেশ থেকে সংগৃহীত হয়েছে?
ক) ভারত খ) চীন গ) নেপাল ঘ) ভুটান

৪০. বাংলার নাম কে 'বুলগাকপুর' দিয়েছেন?
ক) জিয়াউদ্দিন বারানি খ) ইবনে বতুতা
গ) সম্রাট বাবর ঘ) সম্রাট হুমায়ুন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com